

যুক্তোরাঙ্গ্যের বিদেশমন্ত্রী ও রাজস্ব দপ্তরের মন্ত্রীর ভারতে যৌথ সফর(৭-৮ জুলাই ২০১৪)

যুক্তোরাঙ্গ্যের বিদেশ ও কমনওয়েলথ বিষয়ক মন্ত্রী মিঃ উইলিয়াম হেগ এবং ইউকের রাজস্ব দপ্তরের মন্ত্রী মিঃ জর্জ ওসবোর্ন যৌথভাবে ৭-৮ জুলাই ২০১৪ ভারতে সরকারি সফরে আসছেন।

৮ জুলাই ২০১৪ ইউকে বিদেশমন্ত্রী হায়দ্রাবাদ হাউসে ভারতের পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতী সুষমা স্বরাজের সংগে প্রতিনিধিস্তরের দ্বিপাক্ষিক বৈঠক করবেন। সেই বৈঠকে উভয়পক্ষ অভিন্ন স্বার্থের দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়ে আলোচনা করবেন।

রাজস্ব দপ্তরের মন্ত্রী ভারতের অর্থ ও প্রতিরক্ষামন্ত্রী শ্রী অরুণ জেটলির সংগে অর্থনৈতিক ও আর্থিক (ইইডি) বিষয়ে বৈঠক করবেন। দুই মন্ত্রী একত্রে ৮ জুলাই ২০১৪ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সংগে সাক্ষাৎ করবেন। তাঁরা মুম্বাই সফর করবেন।

তিন অন্য ইউকে মন্ত্রী-যথা, ভারতের সংগে বাণিজ্যিক সম্পর্কের ভারপ্রাপ্ত মিঃ গ্রেগরি বার্কার সাংসদ, জলবায়ু পরিবর্তন ও এনার্জি বিষয়ের রাষ্ট্রমন্ত্রী মিঃ অলিভার লেটউইন সাংসদ, ক্যাবিনেট দপ্তরের সরকারি নীতি বিষয়ক মন্ত্রী এবং ক্যাবিনেট অফিস মন্ত্রী মিঃ য়োশেফ এডমান্ড জনসন সাংসদ- সহ এক সরকারি প্রতিনিধিদল মন্ত্রীদের সংগে যাবেন।

২০০৪ সাল থেকেই ভারত ও বৃটেনের মধ্যে স্ট্র্যাটেজিক অংশীদারি রয়েছে। নিয়মিত উচ্চস্তরীয় প্রতিনিধিল বিনিময় ও বিভিন্ন ক্ষেত্রে করমোবর্ধমান সহযোগিতা এই সম্পর্কের বৈশিষ্ট্য। প্রতিনিধিমন্ডল সহ এই যৌথ সফরে ভারত-ইউকের মধ্যে স্ট্র্যাটেজিক সম্পর্ক আরো উন্নত করার সুযোগ মিলবে।

নয়াদিল্লি

৫ জুলাই ২০১৪